১৪

ভোরের কাগজ

তারিখ 03 JAN 1994
পৃষ্ঠা ... কলাম ...

# মৌলভীবাজার : ৫০ হাজার শিশু শিক্ষা–বঞ্চিত

মৌলভীবাজার প্রতিনিধি : শিক্ষক স্বল্পতা, জরাজীর্ণ বিদ্যালয় গৃহ, আসবাবপত্র সঙ্কট, প্রয়োজনীয় শিক্ষা উপকরণের অভাবে মৌলভীবাজার জেলায় ৫০ হাজার শিশু-কিশোর নিরক্ষরতার গ্লানি নিয়ে বেড়ে উঠছে।

জানা গেছে, সারা জেলায় ১৯৯টি শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্যে প্রধান শিক্ষকের ২৮টি, সহকারী শিক্ষকের ১৭১টি পদ রয়েছে। গ্রামাঞ্চলে প্রথম, দ্বিতীয় শ্রেণীতেই ব্যাপক সংখ্যক শিশু ড্রপ আউট হয়ে যায়। এ ক্ষেত্রে শিক্ষা প্রদানের সুষ্ঠু পরিবেশ ছাড়াও আর্থ-সামাজিক কারণ একটি বড়ো অন্তরায়।